গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

জানুয়ারী/২০২৩ মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ
সভাপতি ঃ জনাব করুন্না সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ৩০-০১-২০২৩খ্রি.সময় : বেলা-১২.০০ ঘটিকা।

উপস্থিত, উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। সভায় জানান মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষ্যে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্বায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন / সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। উপজেলা কমপ্লেক্সে ভ্যাকসিন দেওয়া হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, যথাযথভাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসা রোগীদেরকে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক ব্যবহার করে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। এ ছাড়াও বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প কমিউনিটি ক্লিনিকসমূহে সেবার মান বৃদ্ধি করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে নজরদারি করার জন্য অনুরোধ জানান। | **সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুযায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>একই সাথে চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে অধিকতর যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপ অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। বোর ধান কার্যক্রম শুরু হয়েছে। সেচের আবেন ৩০ টি বিএডিসি বরাবরে প্রেরণ করা হয়েছে। তার আলোকে রেজুলেশন কওে যাইচাই বাছাই কওে লাইসেন্স বিতরণ করা হয়েছে। সারের সরবরাহ স্বাভাবিক রয়েছে। কৃষি যান্ত্রিকিকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্র কম্বাইন হারভেস্টার রিপার পাওয়ার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। মাটিয়ান হাওর এবং শনির হাওর রোপন ধান ১০০% সম্পূর্ণ হয়েছে | **সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পর্যায়ে কৃষিযান্ত্রিকীকরণের আওতায় কমভাইন্ড হারভেস্টোর রিপার ও অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। মাটিয়ান ও শনির হাওরে এক ফসলি বোর ধান ভালো ফলন পাওয়ার জন্য সময় সময় উপজেলা উপ-সহকারী কর্মকর্তা কৃষকদেরকে পরামর্শ প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, তার দপ্তরের জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। তাছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>০২। প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৪ | মৎস্য বিভাগ ঃ | উপজেলা মৎস্য অফিসার প্রতিনিধি, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল ভিন্নমত প্রকাশ করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান উপজেলা মৎস্য অফিসারের বর্তমান অফিসটি স্থানান্তর করে নীচ তলার শিড়ির উত্তর দিক সৎস্য অফিস ক্ষেত্র সহকারীর রুম সংলগ্ন ভবনের পিছন দিক একটি টয়লেট,একটি রুম বর্ধিত করণের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্সণ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে মৎস্য অফিসারের বর্তমান অফিসটি স্থানান্তর করে নীচ তলার শিড়ির উত্তর দিক সৎস্য অফিস অংশ-০২ ক্ষেত্র সহকারীর রুম সংলগ্ন ভবনের পিছন দিক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অথায়নে একটি টয়েলেটসহ একটি রুম বর্ধিত করণের জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। (সংশ্লিষ্ট সকল) |
| ০৫ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের বিষয়ে কিছু জানা যায়নি। ফলে এ বিষয়ে সভায় উপস্থিত সকল একমত পোষণ করেন। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্সণ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে সঠিক সময়ে বিদ্যালয়ে শিক্ষকগণের উপস্থিতি নিশ্চত করার বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর |
| ০৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির প্রকল্প সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরকারি বিভিগীয় প্রধানগণের এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প তালিকা পাওয়া যায়। যা বিগত উপজেলা পরিষদের অনুষ্ঠিত ২৯-১১-২০২২ তারিখে মাসিক সভায় অনুমোদন করা হয়। কিছু দিনের মধ্যে টেন্ডার করা হবে মর্মে সভায় সকলকে অবহিত করেন। সভায় আলোচনা করা হয় সভাপতি ও উপজেলা উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান যেহেতু হাওর অঞ্চলের কাজ বাস্তবায়নের জন্য সময় খুব কম পাওয়া যায়। তাই দ্রুত টেন্ডার কার্যক্রম শেষ করে পরবর্তী কার্যক্রম শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। তাহিরপুর উপজেলার পরিষদের আবাসিক কোয়াটারের পুকুর সংলগ্ন দক্ষিণ দিকে সীমানা প্রাচীর ওয়াল বিগত বন্যায় বেঙ্গে যাওয়ায় মেরামত করা জরুরী। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপির প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জরুরী ভিত্তিতে টেন্ডার ও পরবর্তী কার্যক্রম দ্রুত গ্রহণ করার জন্য সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর উপজেলা প্রকৌশলী, তাহিরপু রের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারের পুকুর সংলগ্ন দক্ষিণ দিকে সীমানা প্রাচীর ওয়াল বিগত বন্যায় বেঙ্গে যাওয়ায় জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সংস্কার ও মেরামত করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ কওে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিনরপুর সভায় জানান দাপ্তরি কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান শিশুদের জন্য সনদ দেখে টিকা প্রদানের জন্য এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কমিউনিটি ক্লিনিকে নবজাতকের জন্ম গ্রহণ করার সঙ্গে সঙ্গে তাদের জন্ম ও মৃত্যু সনদ করার বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তথ্য প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুররে দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাহিরপুর সভায় জনান বাদাঘাট ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে পাঠাবুকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বালিজুরী ইউনিয়নে বালিজুরী স্বাস্থ্য ও পরিবার স্বাস্থ্য কল্যাণ পুনর্নির্মাণ করার জন্য প্রস্তাব করেন। | সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্ত তাহিরপুর বাধাট ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রীপুর দক্ষিণ ইউনিয়নে পাঠাবুকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বালিজুরী ইউনিয়নে বালিজুরী স্বাস্থ্য ও পরিবার স্বাস্থ্য কল্যাণ পুনর্নির্মাণ করার জন্য সভায় উপস্থিত একমত পোষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর এ দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কমিউনিটি ক্লিনিকে নবজাতকের জন্ম গ্রহণ করার সঙ্গে সঙ্গে জন্ম সনদ ও মৃত্যু সনদ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তথ্য প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুররে দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা অফিসার, তাহিরপুর (সংশ্লিষ্ট সকল) |
| ০৮ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। তিনি আরও জানান প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। তিনি আরও জানান তার দপ্তরের টিনের চাল সংস্কার ও মেরামত করা প্রয়োজন। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করে আবেদন ফরম উপজেলা সমাজসেবা অফিস তাহিরপুর দাখিল করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। | উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর |
| ০৯ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাহিরপুর সুনামগঞ্জ মিটিং থাকায় সভায় উপস্থিত হতে পারেনি । ফলে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১০ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । সভায় আলোচনা করা হয় তাহিরপুর উপজেলায় মোট কতগুলি রেজিস্ট্রেশনকৃত সমিতি আছে এবং তাদের কার্যক্রম চলমান কিনা-এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলায় মোট সমবায় কর্তৃক মোট রেজিস্ট্রেশনকৃত সমিতির মৎস্য সমিতি ও অন্যান্য সমিতি নামের তালিকা উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর বরাবরে দাখিল করার জন্য এবং উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা সবমায় অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১১ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তারা যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে তারা নিয়মিত কর্মস্থলে উপস্থিত না থেকেও তাদেরকে ভাতা দেওয়া হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে ন্যাশনাল সার্ভিস কর্তৃক যে সকল লোকজনদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে তারা যে সকল প্রতিষ্ঠানে কর্মরত রয়েছে। সে সকল প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের নিয়মিত কর্মস্থলে উপস্থিতি যাচাই বাছাই করে প্রত্যয়ন পত্র দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন/ সংশ্লিস্ট সকল |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা চেয়ারম্যান বলেন জনস্বাস্থ্য কর্তৃক সুপেয় বিশুদ্ধ পানি পান করণের গভির নলকুপ প্রকল্পের আওতায় যে সকল কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে লোক মুখে বিভিন্ন অভিযোগ রয়েছে যে, টিউবওয়েল বসানো হলেও তাদের পাকাকরণ হয়নি। আবার ঠিকাদারের ইচ্ছামত টিউবওয়েল বসিয়ে চলে আসে। যার ফলে উপকারভোগিদের মধ্যে হয়রানি হচ্ছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রায়ন প্রকল্পের ঘরগুলোতে সুপেয় বিশুদ্ধ পানির সু ব্যবস্থা না থাকায় জরুরী ভিত্তিতে পানির সুব্যাবস্থা করণের জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক যে সকল প্রকল্প চলমান রয়েছে আগামী পনের দিনের মধ্যে সমাপ্ত করার জন্য উপজেলা উপ-সহকারী প্রকৌযলীর দৃষ্টি আকসর্মণ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার টিআর নগদ অর্থ, (কাবিখা) খাদ্যশ্য চাল, (কাবিটা) খাদ্যশস্য গম সাধারণ কর্মসূচির আওতায় তাহিরপুর উপজেলার প্রাপ্ত ২য় বরাদ্দ কর্মসূচির আওতায় বরাদ্দের আলোকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভাজন অনুযায়ী দ্রুত তালিকা দাখিল করার জন্য সভায় অবহিত করা হলো। | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) টিআর সাধারণ কর্মসূচির ২য় বরাদ্দের আলোকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভাজন অনুযায়ী দ্রুত তালিকা দাখিল করার জন্য সভায় অবহিত করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর এর দাপ্তরিক বিষয়ে অডিট চলমান থাকায় তিনি সভায় উপস্থিত থাকতে পারেননি। | **সিদ্ধান্তঃ** আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় জানান যে,দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাদের বিভাগের VWB কর্মসুচির আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকার ভোগীর কার্ড বরাদ্দ বিলম্ব হওয়ায় জানুয়ারী/২০২৩ মাসের খাদ্য শস্য ডিও দেওয়া সম্বব হয়নাই। সদর কার্যালয় ঢাকা হতে কার্ড আসলে জানুয়ারী/২০২৩ ও ফেব্রুয়ারী/২০২৩ মাসের ডিও এক সাথে দেওয়া হবে। তিনি আরও জানান মাও শিশু সহায়তা কর্মসুচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়ন ওয়ারী উপকারভোগী নির্বাচনের মাস ওয়ারী বিভাজন যথা-শ্রীপুর উত্তর-৪২ জন, শ্রীপুর দক্ষিণ-২৩ জন, বড়দল দক্ষিণ-০৫ জন, বড়দল উত্তর-০৫ জন,বাদাঘাট-৪২ জন, তাহিরপুর সদর-২১ জন, এবং বালিজুরী-২২ জন। | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে তাদের বিভাগের VWB কর্মসুচির আওতায় ২০২৩-২০২৪ নতুন চক্রের উপকার ভোগীর কার্ড বরাদ্দ বিলম্ব হওয়ায় জানুয়ারী/২০২৩ মাসের খাদ্য শস্য ডিও আসলেই জানুয়ারী/২০২৩ ও ফেব্রুয়ারী/২০২৩ মাসের ডিও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় একমত পোষণ করেন।<br>০২। বিস্তারিত আলোচনান্তে তিনি আরও জানান মা ও শিশু সহায়তা কর্মসুচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়ন ওয়ারী উপকার ভোগী নির্বাচনের মাস ওয়ারী বিভাজন অনুযীয় বিধি মোতেবক তালিকা দাখিল করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। বড়দল উত্তর ও বড়দল দক্ষিণ ইউনিয়নে বরাদ্দ সন্তোষজন নহে তাই এ বিষয়ে সভায় উপস্থিত সকল একমত পোষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর<br>০২। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, |
| ১৬ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাহিরপুর উপজেলা পরিষদ ক্যাম্পাস নিরাপত্তার সার্থে ০২ (দুই) জন আনসার নিয়োগের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর, তাহিরপুর উপজেলা পরিষদ ক্যাম্পাস নিরাপত্তার সার্থে ০২ (দুই) জন আনসার নিয়োগের বিষয়ে সভায় একমত পোষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আনসার ভিডিপি অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক অফিসার |
| ১৮ | পর্যটন শিল্প উন্নয়ন সংক্রান্ত | উপজেলা চেয়ারম্যান, তাহিরপুর সভায় জানান উপজেলা পরিষদের আম্বুর জহুর চত্বর সংলগ্ন বিভিন্ন প্রকারের বগ্ন শ্রীহীন বিলবোর্ড রয়েছে যা তাহিরপুর উপজেলা পরিষদের সৌন্দর্য রক্ষার সার্থে এ গুলো জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন এবং নতুন স্থানে প্রতিস্থাপন করে বিভিন্ন ট্যুরিস্ট স্পটের ছবি নান্দনিকভাবে উপস্থাপন করার বিষয়ে আলোচনা করেন। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসার, বলেন তাহিরপুরের সকল ট্যুরিস্ট স্পটে পর্যটন বিকাশের জন্য আরো কাজ করা প্রয়োজন। তিনি আর বলেন ইতোমধ্যে একটি রেস্ট হাউজের নির্মাণ কাজ চলমান আছে। শিমুল বাগান অত্র অঞ্চলের অন্যতম একটি পর্যটন আকর্ষণ এ বাগানে পর্যটন আকর্ষণের জন্য এবং পর্যটকদের সার্বিক সুবিধা বাড়ানোর জন্য প্রকল্প নেয়া আবশ্যক। | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে তাহিরপুরপুর উপজেলা পরিষদের আম্বুর জহুর চত্বর সংলগ্ন বিভিন্ন প্রকারের বগ্ন শ্রীহীন বিলবোর্ড তাহিরপুর উপজেলা পরিষদের সৌন্দর্য রক্ষার সার্থে এ গুলো জরুরী ভিত্তিতে সংস্কার ও মেরামত করে নতুন স্থানে প্রতিস্থাপন করে বিভিন্ন ট্যুরিস্ট স্পটের ছবি নান্দনিকভাবে উপস্থাপন করার বিষয়ে করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুরপুর উপজেলার শিমুল বাগানসহ সকল পর্যটন স্পটে পর্যটকদের সার্বিক সুবিধা বাড়ানোর জন্য প্রকল্প নেওয়া আশ্যক। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর |
| ১৯ | ভূমি উন্নয়ন কর | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান উপজেলা ভূমি অফিস কর্তৃক ০৫-০১-২০২৩ তারিখের স্মারক নং-৩১.৪৬.৯০৯২.০০০.০৩.২২-৪৪ এ উপজেলা পরিষদ, তাহিরপুর এর বকয়ো ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য একটি পত্র পাওয়া যায়। পত্রের আলোকে জানা যায় উপজেলা পরিষদের নিকট ১৪২৩ বাংলা সন হতে ১৪২৯ বাংলা সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বাবদ ৬৪,৭৫৪/-(চৌষট্টি হাজার সাতশত চুয়ান্ন) টাকা পাওয়া রয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, তাহিরপুর এর বকয়ো ভূমি উন্নয়ন কর ১৪২৩ বাংলা সন হতে ১৪২৯ বাংলা সন পর্যন্ত ৬৪,৭৫৪/- (চৌষট্টি হাজার সাতশত চুয়ান্ন) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২০ | উপজেলা পরিষদের দোকান ঘর সংস্কার ও মেরামত সংক্রান্ত। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান তাহিরপুর উপজেলা পরিষদেরে আম্বুর জহুর সংলগ্ন চারটি দোকান ঘর রয়েছে। দোকান ঘড়টি মেরামত ও সংস্কার করার জন্য প্রস্তাব করেন। বর্তমানে যারা দোকান পরিচালনা করে আসছেন তার দীর্ঘ দিন যাবত কোন ভাড়া পরিশোধ না করে দোকান দিয়ে আসছেন। ফলে উপজেলা পরিষদ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। তাই তাদের চুক্তি বাতিল করে সমুদয় বকেয়া দোকান ভাড়া পরিশোধ করার জন্য সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের আম্বুর জহুর সংলগ্ন চারিটি দোকান সংস্কার ও মেরামত করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোপষণ করেন।<br>০২। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের চারটি দোকোনের ভাড়া দীর্ঘ দিন যাবত পরিশোধ না করে দোকান পরিচালনা করছেন। ফলে উপজেলা পরিষদ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। তাই তাদের চুক্তি বাতিল করে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও উপজেলা প্রকৌশলী, তাহিরপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামতের বিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান যে, জনাব মোঃ শুকুর আলী, গাড়ি চালক, উপজেলা পরিষদ, কার্যালয়, তাহিরপুর এর মিতসুবিসি পাজারো জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় এবং মেরামত বাবদ মোট ৪৯,১৫০/-(উপঞ্চাশ হাজার একশত পঞ্চাশ টাকার ব্যয় ভাউচারসহ বিল পরিশোধের জন্য বিগত ২৬-০১-২০২৩ খ্রি. তারিখ একটি আবেদন দাখিল করেন। ব্যয় ভাউচার সঠিক থাকায় এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, কার্যালয়, তাহিরপুর এর মিতসুবিসি পাজারো জীপ গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় এবং মেরামতের ব্যয় ভাউচার সঠিক থাকায় মোট ৪৯,১৫০/-(উনপঞ্চাশ হাজার একশত পঞ্চাশ) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২২ | উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের ফার্নিচার ক্রয় সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সভায় জানান বিগত বছরের বন্যায় উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের ফার্নিচার বন্যার পানিতে নষ্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ফার্নিচার ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের ফার্নিচার বিগত বছরের বন্যার পানিতে নষ্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে নতুন প্রয়োজনীয় কিছু ফার্নিচার উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ক্রয় করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| ২৩ | উপজেলা পরিষদের পুকুরে ও আঙ্গিনায় মরা গাছ অপসারণ সংক্রান্ত; | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান, উপজেলা পরিষদের আঙ্গিনায় কিছু মরা গাছ আছে। গাছগুলো যে কোন সময় ভেঙ্গে পড়ে জান মালের ক্ষতি হওয়ার আশঙ্কা রয়েছে। এছাড়াও উপজেলা পরিষদের পুকুরের পানিতে দীর্ঘ দিন যাবত কিছু মরা গাছ পড়ে আছে। এতে পচন ধরে পানি দুষিত হচ্ছে। এ গাছ গুলো দ্রুত অপসারণ করা প্রয়োজন। পরিষদ এলাকায় পরিবেশ সুরক্ষার্থে অধিক গাছ রোপণের জন্য প্রস্তাব করেন। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কমিটি, তাহিরপুর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০১/২০২৩

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯ -৩০ (৫০) তারিখঃ ৩০ -০১-২০২৩খ্রি.

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৯।..............................................................................................(জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল), সুনামগ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১০। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। উপজেলা..............................................কমর্কর্তা (সংশ্লিষ্ট সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩। অফিস নথি/ মাস্টার ফাইল।

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর,সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com

সভাপতি: জনাব কল্পনা বিন্দু চৌধুরী কানুন, চেয়ারম্যান উপজেলা পরিষদ, [illegible]
সভার তারিখ: ৩০/০১/২০২৩ সময়: বেলা ১১.০০ ঘটিকা.

সভার স্থান: উপজেলা পরিষদ [illegible] কনফারেন্স রুম।

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব কল্পনা বিন্দু চৌধুরী কানুন | চেয়ারম্যান উপজেলা পরিষদ [illegible] | [signature] |
| ০২ | জনাব [illegible] | উপজেলা নির্বাহী অফিসার [illegible] | |
| ০৩ | জনাব রিয়াজ উদ্দিন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ [illegible] | [signature] |
| ০৪ | জনাব [illegible] | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ [illegible] | [signature] |
| ০৫ | জনাব আলী [illegible] | চেয়ারম্যান [illegible] ইউ/পি | [signature] |
| ০৬ | জনাব মো: [illegible] | [illegible] ইউ/পি | [signature] |
| ০৭ | জনাব [illegible] | [illegible] ইউ/পি | [signature] |
| ০৮ | জনাব [illegible] হোসেন | [illegible] ইউ/পি | [signature] |
| ০৯ | কাজী মাহমুদুর রহমান | [illegible] | [signature] |

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 10 | [stamp] | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] 30.01.23 |
| 11 | মো: [illegible] | UFPO | [signature] |
| 12 | মো: [illegible] মিয়া [illegible] | LGED. | [signature] |
| 13 | আমিনুল ইসলাম | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার [illegible] | [signature] |
| 14 | নীতিশ চন্দ্র বর্মন | [illegible] পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| 15 | [illegible] | UWAO [illegible] | [signature] |
| 16. | [illegible] চন্দ্র [illegible] | AUXDO, [illegible] | [signature] |
| 17. | [illegible] | [illegible] | [signature] |
| 18. | ডাঃ মোঃ [illegible] | MO, UHC | [signature] |
| 19. | আশীষ আচার্য্য | UCO | [signature] |

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০ | ডা. হাবিব আহমেদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ২১ | মো: হাসান-উদ-দৌলা | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| 22 | মো. ইমরান হোসেন | এস. আই | [signature] |
| ২৩ | আসাদুজ্জামান খান | সহকারী কমিশনার (ভূমি) | [signature] |
| ২৪ | ডা. [illegible] | UHFPO Talirpur | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |